রংধনু গ্রুপ চেয়ারম্যানকে নিয়ে ভুল সংবাদ, দুঃখ প্রকাশ দৈনিক প্রলয়ের

RONGDHANU GROUP

প্রকাশিত সংবাদের প্রতিবাদ ও দুঃখ প্রকাশ

গত ২৭ মার্চ দৈনিক প্রলয় পত্রিকার তৃতীয় পাতায় "প্রকাশ্যে ঘোরাফেরা করছেন আন্ডা রফিক, প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন" এবং ৩ এপ্রিল প্রথম পাতায় "সংবাদ প্রকাশের পর দেশ ছাড়ার চেষ্টা, প্রকাশ্যে আসছেন না আন্ডা রফিক " শিরোনামে সংবাদ প্রকাশিত হয়েছে।
যা আমাদের দৃষ্টিগোচর হয়েছে। প্রকাশিত সংবাদটিতে অসত্য তথ্য প্রকাশ হয়েছে, যার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে রংধনু গ্রুপ । প্রতিবাদলিপিতে বলা হয়, রংধনু গ্রুপ দেশের প্রথম সারির একটি স্বনামধন্য প্রতিষ্ঠান- যেখানে কয়েক হাজার লোক বিভিন্ন পর্যায়ে কর্মরত রয়েছেন। প্রতিষ্ঠার শুরু থেকেই এই প্রতিষ্ঠান দেশের অর্থনীতিকে আরও সচল রাখতে কার্যকর ভূমিকা পালন করে আসছে। গ্রুপের চেয়ারম্যান জনাব রফিকুল ইসলাম রূপগঞ্জে ঘোরাফেরার কারণে এলাকায় আতঙ্ক বিরাজ করার তথ্যটি সম্পূর্ণ মিথ্যা। তথ্যদাতা বিষয়টি ভুলভাবে আমাদের কাছে উপস্থাপন করেছেন। বাস্তবতা হচ্ছে- তিনি রূপগঞ্জের সন্তান। এলাকার গরিব দুঃখীদের মাঝে তিনি নিয়মিত সময় কাটান। এবারের ঈদেও তিনি ২৫ হাজার মানুষের মাঝে ঈদসামগ্রী বিতরণ করেছেন। এ ছাড়া আওয়ামী লীগ সরকারের আমলে ফ্যাসিস্ট অনেক নেতার সাথে তাকে দেখা গেছে বলেও প্রতিবেদনে উল্লেখ করা হয়। কিন্তু বাস্তবতা হচ্ছে, রংধনু গ্রুপের চেয়ারম্যান কোনো রাজনৈতিক দলের পদে নেই। তিনি তার বিভিন্ন ব্যবসা প্রতিষ্ঠান, পাঁচতারকা হোটেল ও মিডিয়া গ্রুপের উদ্বোধনের সময়ে বিগত সরকারের অনেক মন্ত্রী ও এমপির সাথে ছবি তুলেছেন। সে সময়কার ছবিগুলো এখন সামনে এনে রংধনু গ্রুপের সম্মানিত চেয়ারম্যানকে উদ্দেশ্যপ্রণোদিতভাবে হেয় করা হচ্ছে। পাশাপাশি তার বিরুদ্ধে আদালতে চলমান মামলাগুলোতে এরই মধ্যে তিনি জামিনে আছেন। প্রকাশিত সংবাদে ভুল তথ্য প্রকাশ করা হয়েছে। যা অত্যন্ত দুঃখজনক। সংবাদটি প্রকাশের ক্ষেত্রে সঠিক তথ্য উপস্থাপন করা হয়নি। উক্ত প্রকাশিত সংবাদগুলোর তীব্র নিন্দা ও প্রতিবাদ জানাচ্ছি।
প্রতিবেদকের মন্তব্য: প্রকাশিত সংবাদের তথ্য যাচাই-বাছাই করে সংবাদ প্রকাশ করা হয়। পরবর্তীতে অফিসিয়াল নির্দেশক্রমে পুনরায় তথ্য যাচাই-বাছাই করতে অনুসন্ধান করি। অনুসন্ধানে প্রকাশিত সংবাদের বেশকিছু তথ্যের সত্যতা পাওয়া যায়নি। সংবাদটি প্রকাশের ক্ষেত্রে প্রতিবেদককে ভুল তথ্য প্রদান করা হয়েছিল। অনুসন্ধানে অনিচ্ছাকৃত ত্রুটিপূর্ণ তথ্য প্রকাশের জন্য দুঃখ প্রকাশ করছি।

ছবি: লেন্স এশিয়া

LENS ASIA

রংধনু গ্রুপের চেয়ারম্যান আলহাজ্ব রফিকুল ইসলামকে নিয়ে প্রকাশিত দুটি সংবাদের জন্য দুঃখ প্রকাশ করেছে 'দৈনিক প্রলয়' পত্রিকা। একই সঙ্গে এসব প্রতিবেদনের বিরুদ্ধে আনুষ্ঠানিক প্রতিবাদ জানিয়েছে রংধনু গ্রুপ কর্তৃপক্ষ।

গত ২৭ মার্চ পত্রিকার তৃতীয় পাতায় "প্রকাশ্যে ঘোরাফেরা করছেন আন্ডা রফিক, প্রশাসনের ভূমিকা নিয়ে প্রশ্ন" এবং ৩ এপ্রিল প্রথম পাতায় "সংবাদ প্রকাশের পর দেশ ছাড়ার চেষ্টা, প্রকাশ্যে আসছেন না আন্ডা রফিক" শিরোনামে দুটি প্রতিবেদন প্রকাশিত হয়। এসব সংবাদে অসত্য ও বিভ্রান্তিকর তথ্য উপস্থাপন করা হয়েছে বলে দাবি করেছে প্রতিষ্ঠানটি।

প্রতিবাদলিপিতে রংধনু গ্রুপ জানায়, তারা দেশের একটি স্বনামধন্য শিল্পগোষ্ঠী, যেখানে কয়েক হাজার মানুষ কর্মরত। শুরু থেকেই প্রতিষ্ঠানটি দেশের অর্থনীতিতে অবদান রেখে আসছে। চেয়ারম্যান রফিকুল ইসলামের রূপগঞ্জে চলাফেরা ঘিরে এলাকায় আতঙ্ক ছড়ানোর যে দাবি করা হয়েছে, তা সম্পূর্ণ ভিত্তিহীন বলে উল্লেখ করা হয়।

এতে আরও বলা হয়, রফিকুল ইসলাম রূপগঞ্জেরই বাসিন্দা এবং নিয়মিতভাবে স্থানীয় মানুষের পাশে থাকেন। সম্প্রতি ঈদ উপলক্ষে তিনি প্রায় ২৫ হাজার মানুষের মধ্যে সহায়তা বিতরণ করেছেন। এছাড়া তাকে বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিত্বের সঙ্গে দেখা যাওয়ার বিষয়টিও ভুলভাবে উপস্থাপন করা হয়েছে বলে দাবি করা হয়। তিনি কোনো রাজনৈতিক দলের সঙ্গে সম্পৃক্ত নন; বিভিন্ন ব্যবসায়িক ও আনুষ্ঠানিক অনুষ্ঠানে তোলা পুরনো ছবিকে উদ্দেশ্যপ্রণোদিতভাবে ব্যবহার করা হয়েছে বলেও অভিযোগ করা হয়।

প্রতিবাদে আরও জানানো হয়, তার বিরুদ্ধে চলমান মামলাগুলোতে তিনি ইতোমধ্যে আদালত থেকে জামিন পেয়েছেন। অথচ সংবাদে এসব তথ্য যথাযথভাবে উপস্থাপন করা হয়নি, যা দুঃখজনক।

এ বিষয়ে প্রতিবেদকের পক্ষ থেকে জানানো হয়েছে, প্রাথমিকভাবে তথ্য যাচাই করে সংবাদ প্রকাশ করা হলেও পরবর্তীতে অফিসিয়াল নির্দেশনায় পুনরায় অনুসন্ধান চালানো হয়। এতে প্রকাশিত প্রতিবেদনের কিছু তথ্যের সত্যতা মিলেনি। এজন্য সংশ্লিষ্ট সংবাদের জন্য দুঃখ প্রকাশ করা হয়েছে।